

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৪৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সালাতে যা নিষেধ তা হলো মানুষের সাথে মানুষের কথা বলা কিন্তু সালাতে বান্দা কর্তৃক তাঁর প্রভুকে সম্বোধন নিষিদ্ধ নয়

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْكَلَامَ الَّذِي زُجِر عَنْهُ فِي الصَّلَاةِ إِنَّمَا هُوَ مُخَاطَبَةُ الْآدَمِيِّينَ وَكَلَامِ بَعْضِهِمْ بَعْضًا دُونَ مَا يُخَاطِبُ الْعَبْدُ رَبَّهُ في صلاته

আরবী

2245 _ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةً وَأَبُو خَلِيفَةَ قَالَا: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا الْحَجَّاجِ الصَّوَّافِ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ هِلَالِ بْنِ أَبِي مَيْمُونَةَ عَنْ عَطَاءِ بْن يَسَارِ عَنْ مُعَاوِيَةَ بْن الْحَكَم السُّلَمِى قال:

قلت: يا رسول الله إِنَّا كُنَّا حَدِيثَ عَهْدِ بِجَاهِلِيَّةٍ فَجَاءَ اللَّهُ بِالْإِسْلَامِ وَإِنَّ رِجَالًا مِنَّا يَتَطَيَّرُونَ قَالَ: (ذَلِكَ شيء فِي صُدُورِهِمْ فَلَا يَضُرُّهُمْ) قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ رِجَالٌ مِنَّا يَخُطُّونَ قَالَ: رِجَالٌ يَأْتُونَ الْكَهَنَةَ قَالَ: (فَلَا تَأْتُوهُمْ) قَالَ: قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ رِجَالٌ مِنَّا يَخُطُّونَ قَالَ: (كَانَ نَبِيٌّ مِنَ الْأَنْبِيَاءِ يَخُطُّ فَمَنْ وَافَقَ خَطَّهُ فَذَاك) قَالَ: وَبَيْنَا أَنَا أَصَلِّي مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ عَطَسَ رَجُلٌ مِنَ الْقَوْمِ فَقُلْتُ لَهُ: يَرْحَمُكَ اللَّهُ فَحَدَّقَنِي الْقَوْمُ بِأَيْصَارِهِمْ فَقُلْتُ اللَّهُ فَحَدَّقَنِي الْقَوْمُ فَلُكُ اللَّهُ فَحَدَّقَنِي الْقَوْمُ فَقُلْتُ لَهُ: يَرْحَمُكَ اللَّهُ فَحَدَّقَنِي الْقَوْمُ بِأَيْدِيهِمْ عَلَى أَفْخَاذِهِمْ فَلَمَّا اللَّهُ مَا لَكُمْ تَنْظُرُونَ إِلَيَّ فَضَرَبَ الْقَوْمُ بِأَيْدِيهِمْ عَلَى أَفْخَاذِهِمْ فَلَمَّا رَأَيْتُهُمْ يُصَمِّتُونَنِي لِكَيْ أَسْكُتَ سَكَتُّ فَلَمَّا انْصَرَفَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَكُمْ اللَّهُ عَلَيْهِ وَاللَّهُ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَيْهِ عَلَى اللَّهُ عَلَيْهِ وَاللَّهِ مَنَّ الْمُالِي اللَّهُ عَلَيْهِ وَسُلَّمَ لَكُنُ اللَّهُ عَلَيْهُ وَلَا سَتَمَنِي وَلَا شَتَمَنِي وَلَكِنْ قَالَ: (إِنَّ صَلَاتَنَا هَذِهِ لَا يَصْلُحُ فِيهَا شَيْءٌ مِنْ كَلَام النَّاسِ إِنَّمَا هِي النَّهُ عَلَيْهُ واللَّهِ اللَّهُ عَلَيْهِ وَلَا شَتَمَنِي وَلَكِنْ قَالَ: (إِنَّ صَلَاتَنَا هَذِهِ لَا يَصِلُحُ فِيهَا شَيْءٌ مِنْ كَكُرَم النَّاسِ إِنَّمَا هِيَ النَّهُ عَلَيْهِ والسَبيح وتلاوة القرآن)

الراوي: مُعَاوِيَةُ بْنُ الحكم السلمي المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2245 | خلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (2/ 111 ـ



(محيح أبي داود)) , (113): م.

বাংলা

২২৪৫. মু'আবিয়া বিন হাকাম আস সুলামী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি বললাম, "হে আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, কিছু আগেও আমরা মুশরিক ছিলাম। অতঃপর আল্লাহ আমাদের কাছে ইসলাম নিয়ে আসেন। আমাদের মাঝে কিছুলোক শুভ-অশুভ বিশ্বাস করে।" রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "এটা এমন একটা জিনিস যা তারা অন্তরে অনুভব করে। এটা তাদের কোন ক্ষতি করবে না।" আমি বললাম, "আমাদের মধ্যে কিছু লোক গণকের কাছে যায়।" জবাবে তিনি বলেন, "তোমরা তাদের কাছে যাবে না।" আমি বললাম, "আমাদের মাঝে কিছু লোক আছে, যারা দাগ কাটে (আর এর মাধ্যমে তারা শুভাশুভ নির্ণয় করে)।" জবাবে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "একজন নাবী আলাইহিস সালাম দাগ কাটতেন। কাজেই যার দাগ কাটা তাঁর সাথে মিলে যায়, সেটা ঠিক আছে।" তারপর আমি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে সালাতে আদায় করছিলাম, এমন সময় কওমের মাঝে এক ব্যক্তি হাঁচি দেয়। তখন আমি বলি, "يَرْحَمُكَ اللَّهُ" (আল্লাহ আপনার প্রতি রহম করুন), এর ফলে লোকজন আমার দিকে তীক্ষ্ণ দৃষ্টিতে তাকায়। আমি তখন বলি, وَاثُكُلُ أَمَّاهُ (হায়! আমার মায়ের দুর্ভোগ!), তোমাদের কী হলো, তোমরা আমার দিকে এভাবে তাকাচ্ছো কেন?" রাবী বলেন, "এতে লোকজন তাদের উরুতে হাত চাপড়াতে থাকে।" রাবী বলেন, "যখন আমি আমি দেখলাম যে, তারা আমাকে চুপ করাতে চাচ্ছে, তখন আমি চুপ থাকি। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন সালাত শেষ করেন, তখন তিনি আমাকে ডাকেন। আমার বাবা-মা তাঁর জন্য উৎসর্গ হোক। শিক্ষা দেওয়ার ক্ষেত্রে তাঁর উত্তম কোন শিক্ষক আগে বা পরে কাউকে দেখিনি। আল্লাহর কসম! তিনি আমাকে প্রহার করেননি, ধমক দেননি এবং গালিও দেননি বরং তিনি আমাকে বলেছেন, "আমাদের এই সালাতে মানুষের কোন কথা বলা সমীচীন নয়। বস্তুত সালাত হলো তাসবীহ, তাকবীর ও কুরআন পাঠ (করার জায়গা) ৷"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৭৪৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৩৩; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪৪৬; সুনান বাইহাকী: ২/২৪৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ্ ইবনু হাকাম (রাঃ)



 ${\color{red} {\it 9}} \; {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=91563}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন